# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 07 May, 2025

খাগড়াছড়ির মাটিরাঙ্গা ও পানছড়ি সীমান্ত দিয়ে ৬৬ জন ভারতীয় নাগরিককে বাংলাদেশে পুশইন করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।বুধবার (৭ মে) ভোরে তিনটি পৃথক সীমান্ত দিয়ে এসব নাগরিকদের বাংলাদেশের ভূখণ্ডে প্রবেশ করানো হয়।

খাগড়াছড়ি জেলা প্রশাসন কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক ও ভারপ্রাপ্ত জেলা প্রশাসক নাজমুন আরা সুলতানা বিষয়টি নিশ্চিত করেছেন।

সর্বশেষ তথ্যমতে, জেলার মাটিরাঙ্গার শান্তিপুর সীমান্ত দিয়ে ২৭ জন, পানছড়ির রুপসেন পাড়া সীমান্ত দিয়ে ২৪ জন এবং বিটিলা বিওপি সীমান্ত দিয়ে ৬ জনসহ মোট ৬৬ জন নারী-পুরুষ ও শিশুকে বাংলাদেশে প্রবেশ করানো হয়েছে।

স্থানীয়দের ভাষ্য মতে, ভারতীয় নাগরিকদের একটি দল ভোরবেলায় সীমান্ত অতিক্রম করে মাটিরাঙ্গার দক্ষিণ শান্তিপুর এলাকায় প্রবেশ করে। এরপর স্থানীয়রা তাদের আটক করে আবুল মেম্বারের বাড়িতে আশ্রয় দেন।ডেবার পাড় বিজিবি ক্যাম্পের সদস্যরা পরে ওই বাড়িতে গিয়ে তাদের নিরাপত্তা হেফাজতে নেন।

এ বিষয়ে ভারপ্রাপ্ত জেলা প্রশাসক নাজমুন আরা সুলতানা বলেন, “মানবিক দিক বিবেচনায় তাদের খাবার ও নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। বিজিবি এখনো আনুষ্ঠানিকভাবে কোনো বক্তব্য দেয়নি।”

এদিকে স্থানীয়দের দাবি, পুশইন হওয়া অধিকাংশ ব্যক্তি সংখ্যালঘু ও দরিদ্র সম্প্রদায়ের, যাদের মধ্যে নারীদের সংখ্যাই বেশি।

খাগড়াছড়ি বিএসএফ নাগরিক ভারতীয় নাগরিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 14:56

URL: https://timestodaybd.com/public/chittagong/6044922100